# ALL INDIA RADIO, SILCHAR

*************

## EVENING BULLETIN : BENGALI

## Date: - 22-04-2024

## *Time: 19:45-19:55 Hrs*

---------------------------------------

১) রাষ্ট্রপতি শ্রীমতি দ্রৌপদী মুর্মূ আজ দিল্লির রাষ্ট্রপতি ভবনে সম্মানীয় পদ্ম পুরস্কার প্রদান / আসামের দ্রৌণ ভুঁইয়া, পার্বতী বরুয়া ও সর্বেশ্বর বসুমাতারীকে পদ্মশ্রী সম্মান।

২) রাজ্যের দ্বিতীয় পর্যায়ের লোকসভা নির্বাচনের প্রচার অভিযান আগামী বুধবার শেষ দিন হবার পরিপ্রেক্ষিতে বিভিন্ন রাজনৈতিক দলের প্রচার অভিযান জোরদার/ করিমগঞ্জে মন্ত্রী জয়ন্ত মল্ল বরুয়ার প্রচার অভিযানে অংশগ্রহণ।

৩) রাজ্যের চারটি আসনের জন্য অনুষ্ঠেয় তৃতীয় পর্যায়ের নির্বাচনের জন্য ৪৭ জন প্রার্থীর প্রতিদ্বন্দ্বিতা নিশ্চিত।

এবং

৪) ইনার মনিপুর লোকসভা আসনের অধীন পূর্ব ইম্ফাল, পশ্চিম ইম্ফাল জেলা দুটির ১১ টি ভোটগ্রহন কেন্দ্রে আজ পুনরায় ভোটগ্রহনে ৭৩ শতাংশের বেশি ভোটদান।

---------------------------------------------------------------------

রাষ্ট্রপতি শ্রীমতী দ্রৌপদী মুর্মু আজ দিল্লীর রাষ্ট্রপতি ভবনে সম্মানীয় পদ্ম পুরস্কার প্রদান করেছেন । শ্রী মতী মুর্মু প্রাক্তন উপরাষ্টপতি এম ভেংকাইয়া নাইডু ও ভারত নাট্যমের বিশিষ্ট শিল্পী ড: পদ্মা সুব্রমণিয়ম কে পদ্ম বিভুষণ সম্মান প্রদান করা সহ বিন্দেশ্বর পাঠককে মরণোত্তরভাবে পদ্ম বিভূষন পুরস্কার প্রদান করেন ।এদিকে চলচ্চিত্র অভিনেতা মিঠুন চক্রবর্তী , সংগীত শিল্পী উষা উত্থুপকে আজ পদ্ম ভুষন পুরস্কার প্রদান করা হয় ।পদ্মভূষণ পুরস্কার প্রাপকদের মধ্যে অন্যান্যরা হলেন সমাজসেবক ড: সীতারাম জিন্দাল , , হৃদরোগ বিশেষজ্ঞ ডা: তেজস মধুসূদন প্যাটেল ও উত্তরপ্রদেশের প্রাক্তন রাজ্যপাল রাম নায়েক ।আসাম থেকে হস্তী বিশেষজ্ঞ পার্বতী বরুয়া , চিরাঙের প্রগতিশীল কৃষক সবেশ্বর বসুমাতারি ও দরং এর সুকন্নানী কৃষ্টির শিল্পী দ্রোন ভুইয়াকে এই সম্মানে সম্মানিত করা হয়েছে ।

দেশের সবোচ্চ সম্মান পদ্ম পুরস্কারসমূহ পদ্ম বিভুষণ , পদ্ম ভূষণ ও পদ্মশ্রী এই তিনটি ভাগে প্রদান করা হয় । কলা সমাজসেবা , বিজ্ঞান , ও কারিগরী , বানিজ্য ও শিল্প , ঔষধ , সাহিত্য ও শিক্ষা , ক্রীড়া ও অসামরিক সেবা ইত্যাদি বিভিন্ন ক্ষেত্রে পদ্ম পুরস্কারগুলি প্রদান করা হয় ।প্রতিবছর সাধারণতন্ত্র দিবসের দিন এই পুরস্কারগুলি ঘোষনা করা হয় ।

---

রাজ্যে দ্বিতীয় পর্যায়ের লোকসভা নির্বাচনের প্রচার অভিযানের আগামী বুধবার অন্তিম দিন হওয়ার পরিপ্রেক্ষিতে বিভিন্ন রাজনৈতিক দলের প্রচার অভিযান তীব্র হয়ে উঠেছে ।এই পর্যায়ে শিলচর , করিমগঞ্জ , দরং -ওদালগুরি , ডিফু এবং নগাঁও লোকসভা আসনের জন্য নির্বাচ ন অনুষ্ঠিত হবে ।এদিকে তৃতীয় পর্যায়ে গুয়াহাটী , বরপেটা ধুবরী এবং কোকরাঝার লোকসভা আসনের নির্বাচনের জন্যও ব্যাপক প্রচার অভিযান অব্যাহত রয়েছে ।মন্ত্রী অশোক সিংহল আজ তামুলপুর বিধানসভা কেন্দ্রের চারটি স্থানে দরং -ওদালগুরি আসনের এন ডি এ প্রার্থী দিলীপ শইকিয়ার পক্ষে প্রচার চালান ।বি টি আর এর মুখ্য কার্যবাহী সদস্য প্রমোদ বড়ো এই কার্যসূচীতে অংশগ্রহণ করেন ।এদিকে গুয়াহাটী লোকসভা আসনের বিজেপি মিত্রজোঁটের প্রার্থী বিজুলী কলিতা মেধি আজ ক্ষেত্রী গাঁওপঞ্চায়েত ও ধুপগুড়ি গাঁওপঞ্চায়েতে প্রচার

অভিযানে অংশগ্রহণ করেন এছাড়া তিনি সোনাপুরে একটি নির্বাচনী সভায় অংশ নেন ।বিজেপি নেতা তথা মন্ত্রী রঞ্জিৎ কুমার দাস আজ বরপেটা আসনের প্রার্থী ফণিভূষণ চৌধুরীর সমর্থনে বজালীর চাউলিয়াবরিতে প্রচার চালান ।এই আসনের কংগ্রেস নেতৃত্বাধীন বিরোধি ঐক্য মঞ্চের প্রার্থী মীরা বরঠাকুর আজ চানমারি কলনি খেলার মাঠে এক প্রচার সভায় অংশগ্রহণ করে বিজেপি দলের সমালোচনা করেন ।এই কার্যসূচীতে কংগ্রেস দলের জাতীয় নেত্রী সুপ্রিয়া শ্রীনেট এবং মহিমা সিং উপস্থিত ছিলেন ।

---------------------------------------------------------------------------

এদিকে দ্বিতীয় পর্য্যায়ের লোকসভা নির্বাচনে করিমগঞ্জের বিজেপি প্রার্থী কৃপানাথ মালার হয়ে প্রচারে অংশ নেন রাজ্যের মন্ত্রী জয়ন্ত মল্ল বরুয়া। আজ করিমগঞ্জের পাথারকান্দি বিধানসভা কেন্দ্রের মুন্ডমালায় মডেল উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের খেলার মাঠে জনসভায় অংশ নিয়ে ভাষণ দেন । আজকের জনসভায় তিন বিধায়ক কৃষেন্দু পাল , কৌশিক রাই , বিজয় মালাকার প্রমূখ উপস্থিত ছিলেন ।

---------------------------------------------------------------------------

শিলচর লোকসভা আসনে এস ইউ সি আই (কমিউনিষ্ট) দলের প্রার্থী প্রভাস চন্দ্র সরকারের সমর্থনে আজ রংপুর, ছোট দুধপাতিল , শ্রীকোনা বাজার , বেরেঙ্গা , মধুরবন্দ , চামড়াগোদামে পথসভার আয়োজন করা হয়েছে । পথসভায় দলীয় প্রার্থীর সর্মথনে ভবতোষ চক্রবর্তী , সুব্রত চন্দ্র নাথ , অজয় রায় প্রমূখ বক্তব্য রাখেন ।

---------------------------------------------------------------------------

রাজ্যের তৃতীয় পর্যায়ের লোকসভা নির্বাচনের জন্য ৪৭ জন প্রার্থীর প্রতিদ্বন্দিতা করা নিশ্চিত হয়েছে ।আজ এই পর্যায়ের মনোনয়ন প্রত্যাহারের শেষ দিনে কোকরাঝারে তিনজন এবং ধুবরীর দুজন প্রার্থী মনোনয়ন প্রত্যাহার করে ।এদিকে কোকরাঝার আসনে ১২ জন , ধুবরীতে ১৩ , বরপেটায় ১৪ , এবং গুয়াহাটী আসনে ৮ জন প্রার্থীর মনোনয়ন বৈধ বলে ঘোষণা করা হয় ।উল্লেখ্য দ্বিতীয় পর্যায়ে আগামী ২৬ শে এপ্রিল শিলচর করিমগঞ্জ আসন সহ দেশের ৮৮ টি লোকসভা আসনে অনুষ্ঠেয় নির্বাচনে ১ হাজার ১৯৮ জন প্রার্থী

প্রতিদ্বন্দিতায় রয়েছেন ।দ্বিতীয় পর্যায়ে আসামের ৬১ জন প্রার্থী প্রতিদ্বন্দিতায় রয়েছেন ।এর মধ্যে শিলচরে ৮ জন , করিমগঞ্জে ২৪ জন , নগাঁওয়ে ১৩ , দরং-ওদালগুরিতে ১১ এবং ডিফু আসনে ৫ জন প্রার্থী প্রতিদ্বন্দিতায় রয়েছেন ।

---------------------------------------------------------------------------

রাজ্যে দ্বিতীয় পর্যায়ে নির্বাচনে অবতীর্ণ প্রার্থদের মধ্যে ৯ জন প্রার্থীর বিরুদ্ধে অপরাধ জনিত মামলা রয়েছে ।এর মধ্যে দুজন মহিলা প্রার্থীর বিরুদ্ধেও অপরাধ জনিত মামলা রয়েছে ।এদের মধ্যে বিজেপি এবং গণসুরক্ষা দল একজন করে প্রার্থী এবং এ আই ইউ ডি এফের দুজন প্রার্থী রয়েছেন ।

---------------------------------------------------------------------------

দেশের বিভিন্ন স্থানে তাপ প্রবাহের প্রতি লক্ষ্য রেখে নির্বাচন কমিশন নির্বাচনের সময় তাপ প্রবাহের ঝুঁকি হ্রাস করার বিষয় নিয়ে আজ স্বাস্থ্য মন্ত্রনালয় , ভারতীয় আবহাওয়া দপ্তর , জাতীয় দূর্যোগ ব্যবস্থাপনা কর্তৃপক্ষের সঙ্গে এক বৈঠকে মিলিত হয়েছে ।এদিকে আবহাওয়া দপ্তর জানিয়েছে যে পশ্চিমবঙ্গ , ওড়িষ্যা , ঝারখন্ড , বিহার উত্তরপ্রদেশ সহ দেশের কয়েকটি রাজ্যে আগামী চার পাঁচ দিন তাপ প্রবাহ অব্যাহত থাকবে ।

---------------------------------------------------------------------------

পরিবেশ সংরক্ষণের প্রচেষ্টাকে উৎসাহিত করার উদ্দেশ্যে সমগ্র বিশ্বে আজ বিশ্ব ধরিত্রী দিবস পালন করা হয়েছে । পৃথিবী বনাম প্লাস্টিক শীর্ষক বিষয়বস্তুর মাধ্যমে প্লাস্টিক প্রদূষণ তথা প্রকৃতির ওপর প্লাসটিকের প্রতিকূল প্রভাব সম্পর্কে আলোকপাত করা হয়েছে । আমেরিকা যুক্তরাষ্ট্রের কেলিফর্নিয়ার উপকূলে তেলের বৃহৎ অপচয় হোয়ার পর ১৯৭০ সালের ২২ শে এপ্রিল ধরিত্রী দিবসের সূচণা করা হয়েছিল । এই দিবসে পরিবেশ স্ংরক্ষণ করতে প্রতিজন ব্যাক্তিকে স্মরণ করিয়ে দেওয়া সহ একটি উন্নত ভবিষ্যত তথা সুস্থ পৃথিবী গড়ার জন্য সকলকে উৎসাহিত করা হয়ে থাকে ।

---------------------------------------------------------------------------

মণিপুরের ইনার মণিপুর লোকসভা আসনের অধীনে পূর্ব ইম্ফাল এবং পশ্চিম ইম্ফাল জেলা দুটির ১১ টি ভোটগ্রহণ কেন্দ্রে আজ পুনর ভোটগ্রহণ অনুষ্ঠিত

হয়েছে ।শেষ খবর পাওয়া পর্যন্ত ৭৩ শতাংশেরও বেশী  ভোট পড়েছে ।ইনার মণিপুর লোকসভা আসনের নির্বাচন আধিকারীক জানিয়েছেন যে গত ১৯ শে এপ্রিল লোকসভা নির্বাচনের প্রথম পর্যায়ে এই ১১ কেন্দ্রে ভোট গ্রহণের সময় কিছু বিক্ষিপ্ত ঘটনা সংঘঠিত হওয়া সহ অপ্রীতিকর পরিস্থিতির সৃষ্টি হয়েছিল এবং ভোটদানের ক্ষেত্রেও অনিয়ম ধরা পড়ে ।এর পরিপ্রেক্ষিতে নির্বাবচন কমিশন এই নির্দিষ্ট ভোটগ্রহণ কেন্দ্রগুলোতে আজ সকাল সাতটা থেকে বিকেল ৫ টা পর্যন্ত পুনরায় ভোটগ্রহণের নির্দেশ দেয় ।উল্লেখ্য পূর্ব ইম্ফাল জেলার ৭ টি এবং পশ্চিম ইম্ফাল জেলার ৪ টি ভোটগ্রহণ কেন্দ্রে আজ পুনরায় ভোটগ্রহণ অনুষ্ঠিত হয়েছে ।

---

অরুণাচল প্রদেশের চারটি বিধানসভা আসনের ৮ টি ভোটগ্রহণ কেন্দ্রে আগামী বুধবার পুনরায় বিধানসভা এবং লোকসভা নির্বাচনের ভোটগ্রহণ করা হবে ।উল্লেখ্য এই ভোটগ্রহণ কেন্দ্রগুলোতে গত ১৯ শে এপ্রিল বিধানসভা এবং লোকসভা নির্বাচনের ভোটগ্রহণ করা হয়েছিল তবে নির্বাচন কমিশন এই কেন্দ্রগুলোতে পুনরায় ভোটগ্রহণের নির্দেশ দেয় । রাজ্যটির বামেং এবং নিয়াপিন বিধানসভা কেন্দ্রের একটি করে ভোটগ্রহণ কেন্দ্র  , রুমগং বিধানসভা কেন্দ্রের দুটি এবং নাস বিধানসভা কেন্দ্রের চারটি ভোটগ্রহণ কেন্দ্রে পুনরায় ভোটগ্রহণ করা হবে ।ভোটগ্রহণ সকাল ৬ টা থেকে শুরু হবে চলবে দুপুর ২ টো পর্যন্ত ।

---

করিমগঞ্জ লোকসভা নির্বাচনের আর্দশ আচরন বিধি সেলের পক্ষ থেকে জানানো হয়েছে যে আসন্ন লোকসভা নির্বাচন উপলক্ষ্যে আগামী ২৪শে এপ্রিল বিকেল পাঁচটার পর থেকে সব ধরনের রাজনৈতিক প্রচার অভিযান বন্ধ থাকবে ।  লোকসভা নির্বাচন অবাধ , সুষ্ঠ ও শান্তিপূর্নভাবে সম্পন্ন করতে ২৪শে এপ্রিল বিকেল পাঁচটার পর সব ধরনের রাজনৈতিক সভা , মিছিল , স্লোগান নিষিদ্ধ করা হয়েছে । তবে ধর্মীয় অনুষ্ঠান , বিবাহের ক্ষেত্রে এই নির্দেশ প্রযোজ্য হবে না বলে জানানো হয়েছে ।

---

লোকসভা নির্বাচনের আদর্শ আচরণবিধি লংঘনের জন্য লালা শিক্ষা খন্ডের কৈয়া এম ই স্কুলের বিজ্ঞান শিক্ষক খলিলুর রহমান মজুমদারকে চাকরি থেকে সাময়িক বরখাস্ত করা হয়েছে । রাজ্যের প্রাথমিক শিক্ষা সঞ্চালক সুরঞ্জনা সেনাপতি আজ এক আদেশে নির্বাচনী আচরণবিধি লংঘনের জন্য খলিলুর রহমান মজুমদারকে চাকুরী থেকে সাময়িক বরখাস্ত করেন । শ্রী রহমানকে ২০২৪ সালের লোকসভা নির্বাচনের প্রিসাইডিং অফিসার হিসেবে নিযুক্তি দেওয়া হয়েছিল ।নির্বাচনী আচরণ বিধি লংঘন করে সামাজিক মাধ্যমে নির্বাচনী প্রচারে অংশ গ্রহণের অভিযোগে তাকে চাকুরী থেকে সাময়িক বরখাস্ত করা হয় ।

---------------------------------------------------------------------------------

লোকসভা নির্বাচন উপলক্ষে জেলা প্রশাসনের নির্বাচনী এস ভি ই ই পি কোষের উদ্যোগে আজ করিমগঞ্জ সরকারী বিদ্যালয়ের খেলার মাঠে ছাত্র ছাত্রীদের সংগে জনসচেতনতার জন্য এক মানব বন্ধন কার্যসূচী অনুষ্ঠিত হয় ।এতে বিভিন্ন বিদ্যালয়ের প্রায় ২০০ ছাত্র ছাত্রী অংশ গ্রহণ করে । ড্রোন ভিডিও ক্যামেরা ব্যবহার করে ছাত্র ছাত্রীরা এস ভি ই ই পি কার্যসূচী প্রক্ষেপ করে । জেলা প্রশাসনের হয়ে এস ভি ই ই পির সেল ইনচার্জ ও অতিরিক্ত জেলা আয়ুক্ত উদয় শংকর দত্ত ও বিভিন্ন বিদ্যালয়ের শিক্ষক উপস্থিত ছিলেন ।

---------------------------------------------------------------------------------